দৈনিক বাংলা

তারিখ ... ২৭।৭৪ ...
পৃষ্ঠা ... ... ৬ কলাম ৪ ... ...

172

## প্রাথমিক বিদ্যালয়ের মঞ্জুরী

টাঙ্গাইল জেলার বাশাইল থানার অধীন ২নং কাউলজানী ইউনিয়নের বার্থা গ্রামের একটি বেসরকারী প্রাথমিক বিদ্যালয় গ্রামবাসীদের সহযোগিতায় ১৯৭২ সাল থেকে চলে আসছে। স্কুলটি চার জন শিক্ষক দ্বারা পরিচালিত স্কুলে বিভিন্ন শ্রেণীতে মোট ৩২৭ জন ছাত্র-ছাত্রী আছে। স্কুল ঘরটি ৪২ হাত লম্বা, ১০ হাত পাশ। স্কুলের নামে ৫০ শতাংশ জমি রেজিস্টারী করে দেয়া হয়েছে। টাঙ্গাইল জেলা শিক্ষা অফিসার ও বাশাইল থানা শিক্ষা অফিসার কয়েকবার স্কুলটি পরিদর্শন করে গেছেন। কিন্তু এখন পর্যন্ত স্কুলটি সরকারী মঞ্জুরী পায়নি। গ্রামের লোক সংখ্যা প্রায় পনেরোশ' গ্রামটির আশে-পাশে দুই মাইলের মধ্যে অন্য কোন স্কুল নেই এবং গ্রামের চারিদিকে বিল থাকায় ছেলেমেয়েরা দূরের স্কুলে যেতে পারে না। গ্রামটি রাজস্ব বিভাগ কর্তৃক আদর্শ গ্রাম হিসাবে নেওয়া হয়েছে। এই গ্রামের শতকরা ৯৫%ভাগ রাজস্ব আদায় হয়ে গিয়েছে। গ্রামবাসীরা এখন আর স্কুলটির খরচ বহণ করতে পারছে না।

অতএব স্কুলটি যাতে তাড়াতাড়ি মঞ্জুরী পায় তার ব্যবস্থা করার জন্যে আমরা সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

মোঃ আব্দুল গফুর মিয়া (সভাপতি)
মোঃ আবদুল বাছেদ মিয়া
(সেক্রেটারী)
মোঃ আবুল হাসান সিদ্দিকী
বার্থা, বাসাইল, টাঙ্গাইল।